দৈনিক ইনকিলাব

তারিখ ...5 MAR 1989

পৃষ্ঠা ...4... কলাম ...5...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# দাখেলী পরীক্ষায় খাতা কেলেঙ্কারী

মাগুরা, ২৫ মার্চ (নিজস্ব সংবাদদাতা)।— মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখেলী পরীক্ষায় মাগুরা সিদ্দিকীয়া মাদ্রাসা কেন্দ্রে আবারও খাতা কেলেঙ্কারী ধরা পড়েছে।

প্রকাশ, পরীক্ষা শেষে খাতা প্যাকিং-এর সময় ম্যাজিস্ট্রেট ফেরদৌস হোসেন এই খাতা কেলেংকারী উদঘাটন করেন এবং দু'জনকে এ ব্যাপারে জড়িত থাকার অভিযোগে আটক করে মাগুরা থানায় সোপর্দ করেন।

ম্যাজিস্ট্রেস জনাব ফেরদৌস কর্তৃক থানায় দেয়া জিডিতে বলা হয়েছে যে, মাগুরা সিদ্দিকীয়া মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে মফিজুর রহমান, রোল নং ৫২৭৩৩ একজন ছাত্র পরীক্ষা শেষে একটি কক্ষে তার খাতার মাঝখানের ১২টি পৃষ্ঠা বাইরে থেকে, প্রশ্নের উত্তর লিখে মূল খাতার সাথে সংযুক্ত করার সময় তিনি হাতে নাতে ধরে ফেলেন। পরীক্ষার্থী মফিজুর রহমানের এই অসৎ কাজে সহযোগিতা করার জন্য ম্যাজিস্ট্রেট সাহেব মাগুরা সিদ্দিকীয়া মাদ্রাসার সহকারী শিক্ষক ওলিয়ার রহমান ও আলেম ক্লাসের ছাত্র ফরিদ উদ্দীনকে আটক করে থানায় সোপর্দ করেছেন। এ সময় মফিজুর রহমান কৌশলে পালিয়ে যায়।

উল্লেখ্য, ইতিপূর্বে এই কেন্দ্রে মাগুরা সিদ্দিকিয়া মারদাসার সুপার, কতিপয় শিক্ষক ও ছাত্রের সহযোগিতায় অনুরূপ খাতা কেলেঙ্কারী ধরা পড়ে এবং মামলা হয়েছিল।